

**গণবিশ্ববিদ্যালয়-হাইডেলবার্গ  
 বিশ্ববিদ্যালয় সহযোগিতা ॥  
 ৫-জুন চুক্তি হচ্ছে**

স্টাফ রিপোর্টার ॥ গণবিশ্ববিদ্যালয় ও জার্মানির প্রখ্যাত হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষাদান কর্মসূচী, শিক্ষক প্রশিক্ষণ, উন্নতমানের ল্যাবরেটরি প্রতিষ্ঠা, কারিগরি ও গবেষণামূলক সহযোগিতার একটি চুক্তি স্বাক্ষরিত হতে যাচ্ছে। এ উদ্দেশ্যে গণবিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী আগামী ৩ জুন জার্মানি যাচ্ছেন। চুক্তির অধীনে গণবিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল ফিজিওলজি ও বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের পোস্ট গ্র্যাজুয়েট কোর্সের ছাত্রছাত্রীরা দুই সেমিস্টার হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া ও ইন্টার্নশিপ করার সুযোগ পাবে। তাদের থাকার-খাওয়ার ও যাতায়াত খরচসহ অন্যান্য সুযোগ-সুবিধার জন্য হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয় প্রয়োজনীয়সংখ্যক বৃত্তির ব্যবস্থা করবে। আগামী ৫ জুন উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে চুক্তি স্বাক্ষর হবে। সে সময় উপস্থিতদের মধ্যে থাকবেন হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ের এক সময়ের কর্তী ছাত্র ও বর্তমানে কোলন বিশ্ববিদ্যালয়ের গার্মার্সব্যাক হাসপাতালের প্রধান মেডিক্যাল ফিজিসিষ্ট ও ক্যান্সার বিশেষজ্ঞ ড. গোলাম আবু জাকারিয়া।